গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫১৩৩০৫
ই-মেইলঃ info@dos.gov.bd

নং -১৮.১৭.০০০০.৪০০.০৭.০০৭.১৬/১৪২৭ তারিখঃ ০৪-০৩-২০১২০ইং

বিষয়ঃ ঝড়ো বা অশান্ত মৌসুমে দুর্ঘটনা মুক্ত নিরাপদ নৌ-চলাচল নিশ্চিতকল্পে নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

আসন্ন ঝড়ের মৌসুমে হঠাৎ করে কোন পূর্বাভাস ছাড়াই প্রলয়ংকরী ঝড় দেশের যে কোন স্থানে বয়ে যেতে পারে। এ সকল ঝড় নদীতে ও উপকূলীয় অঞ্চলে চলাচলকারী সকল ধরনের নৌযান ও বিশেষভাবে যাত্রীবাহী নৌযানের জন্য অত্যন্ত বিপদজনক। এ সময় যাত্রীবাহী নৌযানের দুর্ঘটনার আশংকা বেশী থাকে। দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে নিম্নরূপ সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকল যাত্রীবাহী নৌযানের মালিক ও মাষ্টারদের অনুরোধ জানানো যাচ্ছেঃ

মালিকদের প্রতি নির্দেশনা

১। নির্ধারিত সংখ্যক ও নির্ধারিত গ্রেডের মাস্টার ও ড্রাইভার দ্বারা নৌযান পরিচালনা করুন;
২। প্রতিটি নৌযানে মোবাইল ফোন ও রেডিও সরবরাহ নিশ্চিত করুন;
৩। দুর্যোগপূর্ণ আবহাওয়া বিবাজ করলে নৌযানের যাত্রা স্থগিত রাখার জন্য মাস্টারকে নির্দেশ দিন;
৪। যাত্রীবাহী নৌযানের দু'পাশের ভারী পর্দা ও রশি অপসারণ করুন;
৫। নৌযানের মাস্টার ব্রীজের যাত্রী সাধারণের অবাধ চলাচল বন্ধ করার জন্য দু'পাশ অস্থায়ীভাবে বন্ধ করার ব্যবস্থা করুন।

মাস্টারদের প্রতি নির্দেশনা

১। আবহাওয়ার পূর্বাভাস জেনে নৌযান নিয়ে বন্দর ত্যাগ করবেন;
২। সার্ভে সনদে উল্লিখিত যাত্রী সংখ্যার অতিরিক্ত যাত্রী বহণ করবেন না;
৩। ডেকের উপর যাত্রীদের বসার স্থানে ব্যবসায়িক মালামাল পরিবহন করবেন না;
৪। ধারণ ক্ষমতার অতিরিক্ত মালামাল বহন করবেন না;
৫। হ্যাচের মধ্যে মালামাল রেখে হ্যাচ কভার নাট-বল্টু দিয়ে পানিরোধকভাবে বন্ধ করার ব্যবস্থা করবেন;
৬। নির্দিষ্ট সংখ্যক বয়া নৌযানের আছে কিনা, নিশ্চিত করুন;
৭। প্রয়োজনের সময় যাত্রীরা যাতে সহজে বয়া ব্যবহার করতে পারে সেভাবে রাখুন ;
৮। যাত্রার পূর্বে ইঞ্জিন ভালভাবে কাজ করছে কিনা, পরীক্ষা করুন;
৯। নেভিগেশনাল বাতিসমূহ সচল আছে কিনা, যাত্রার পূর্বে নিশ্চিত হোন;
১০। পথিমধ্যে ঝড়ের আশংকা দেখা দিলে নৌযানকে নিরাপদ স্থানে সরিয়ে নিন বা কিনারায় ভিড়িয়ে রাখুন;
১১। নৌযানে মোবাইল ফোন ও রেডিও রাখুন এবং নিয়মিত আবহাওয়ার বুলেটিন শুনুন;
১২। আবহাওয়া অবনতি হওয়ার আশংকা থাকলে নৌযান ছাড়ার পূর্বে পরবর্তী বন্দরের পোর্ট অফিসারের সাথে মোবাইলে যোগাযোগ করে নৌযান ছাড়ার বিষয়ে সিদ্ধান্ত নেবেন;
১৩। বৈধ কাগজপত্র বিহীন নৌযান পরিচালনা করবেন না;
১৪। নির্দিষ্ট সংখ্যক এবং নির্ধারিত গ্রেডের মাস্টার-ড্রাইভার নৌযানে না থাকলে নৌযান পরিচালনা করবেন না;
১৫। ঝড়ের সময় যাত্রীবাহী নৌযানের দু'পাশের ভারী পর্দা উঠিয়ে শক্ত করে বেঁধে রাখুন যাতে অবাধে বাতাস প্রবাহিত হতে পারে;
১৬। যাত্রীরা যাতে নৌযানের ছাদে উঠতে না পারে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখবেন।

যাত্রীদের প্রতি নির্দেশনা

১। অতিরিক্ত যাত্রী হয়ে নৌযানে উঠবেন না কারণ এর ফলে নৌযানের ভারসাম্য ক্ষতিগ্রস্থ হয়;
২। নৌযানের ছাদে যাত্রী হয়ে ভ্রমণ করবেন না, এতেও নৌযানের ভারসাম্য নষ্ট হয়;
৩। দুর্যোগপূর্ণ আবহাওয়ায় জীবনের ঝুঁকি নিয়ে নৌযানে ভ্রমণ করবেন না;
৪। সুশৃঙ্খলভাবে নৌযানে আরোহণ ও অবতরণ করুন;
৫। পথিমধ্যে ঝড় দেখা দিলে এদিক ওদিক ছুটাছুটি না করে নিজের জায়গায় অবস্থান করুন;
৬। জীবন রক্ষাকারী বয়া হাতের নাগালে রাখুন;
৭। দুর্যোগপূর্ণ আবহাওয়ায় নৌযানের নীচ থেকে উপরের দিকে এবং ছাদে উঠবেন না;
৮। দুর্যোগপূর্ণ আবহাওয়ায় নৌযানের চালককে উত্ত্যক্ত বা চাপ প্রয়োগ করবেন না।

IS-38

ঝড়ের আগমন কিভাবে বুঝবেন

১। উত্তর, পশ্চিম বা উত্তর পশ্চিম দিকে কালো মেঘ দেখা যাবে;
২। হঠাৎ করে ঠান্ডা বাতাস বওয়া শুরু হবে;
৩। বায়ুর চাপ হঠাৎ করে কমে যাবে (ব্যারোমিটারের সাহায্যে নির্ণয় করা যায়)।

আপনার অবস্থান থেকে এ সংকেতগুলি দেখা গেলে বা অনুভূত হলে মোটামুটি ভাবে নিশ্চিত হওয়া যায় যে, সহসা আপনার নৌযানের উপর দিয়ে একটি ঝড় বয়ে যাবে; তখন দ্রুত আশ্রয়ের ব্যবস্থা নিতে হবে।

রাতে চলাচল সম্পর্কে নির্দেশনা

১। উপরোক্ত নির্দেশনা মেনে কেবলমাত্র বৈধ সার্ভে সনদধারী নৌযান উপযুক্ত মাষ্টার/ড্রাইভার ও উপযুক্ত নেভিগেশনাল বাতি দ্বারা সজ্জিত হয়ে রাতে চলাচল করবে।
২। সকল বালুবাহী, মাটিবাহী, ইটবাহী ট্রলার, ড্রেজার, ইঞ্জিন চালিত নৌযানের রাতে চলাচল নিষিদ্ধ করা হয়েছে। এ সকল নৌযান কেবল দিনে অর্থাৎ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত চলাচল করবে।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা/চট্টগ্রাম ও ভৈরব।
২। স্পেশাল অফিসার মেরিন সেফটি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট -১ ও ২, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। পরিদর্শক, অভ্যন্তরীন জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়ণগঞ্জ/চাঁদপুর/বরিশাল/খুলনা/চট্টগ্রাম/পটুয়াখালী/ মোংলা/ আরিচা/ ভৈরব/ সুনামগঞ্জ/ভোলা/ চামড়াবন্দর/ রাজশাহী/ মাওয়া/ কক্সবাজার ও রাঙ্গামাটি।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ চলাচল (যাপ) সংস্থা, ১৪, পুরানা পল্টন (৫মতলা), দারুস সালাম আর্কেড, ঢাকা।
৫। চেয়ারম্যান, লঞ্চ মালিক সমিতি, টার্মিনাল ভবন (নীচতলা), সদরঘাট, ঢাকা।
৬। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার, ১৫/৫, বিজয়নগর, (৬ষ্ঠ তলা), রুম # ১ ও ২, ঢাকা।
৭। চেয়ারম্যান, কোস্টাল শীপ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, স্কাইলার্ক পয়েন্ট (৯ম তলা),২৪/এ, বিজয়নগর, ঢাকা-১০০০।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ তৈলবাহী জাহাজ মালিক সমিতি, হ্যাপি রহমান প্লাজা (৫ম তলা), ২৫-২৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।
৯। সভাপতি, বাংলাদেশ পেট্রোলিয়াম ট্যাংকার ওনার্স এসাসিয়েশন, বাড়ি-৬৬ (৫ম তলা) রোড নং-৮, ব্লক-সি, ফ্ল্যাট নং-বি-৪, নিকেতন, গুলশান-২, ঢাকা।
১০। সাধারন সম্পাদক, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২, পি.কে.রায় রোড, বাংলাবাজার, ঢাকা।
১১। সভাপতি, ইঞ্জিন ও বাল্কহেড বোট মালিক সমিতি, ১২/এ, আর.কে.মিশন রোড (সেকেন্ড ফ্লোর), ঢাকা-১২০৩।
১২। সভাপতি, বাংলাদেশ বাল্কহেড নৌযান মালিক সমিতি, স্যুইট নং-২০৭, হোটেল সিলভার ইন বিল্ডিং, ১২/ক, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা।
১৩। সভাপতি, জাহাজী শ্রমিক ফেডারেশন, ১১৯, বঙ্গবন্ধু সড়ক, করিম মার্কেট, নারায়নগঞ্জ।
১৪। সভাপতি, দক্ষিণ বাংলা বাল্কহেড (বালিবাহী নৌযান) মালিক সমিতি, মিয়ারহাট, পোঃ কৌড়িখাড়া, থানা-নেছারাবাদ, পিরোজপুর।
১৫। সভাপতি, গজারিয়া-মুন্সীগঞ্জ স্টীল বোট মালিক সমিতি, হাটলক্ষীগঞ্জ, মুন্সীগঞ্জ।
১৬। সভাপতি, রূপগঞ্জ স্টীল বডি বাল্কহেড বোট ও ড্রেজার মালিক সমিতি, রূপসীঘাট, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
১৭। সভাপতি, দাউদকান্দি বোট মালিক সমিতি, দাউদকান্দি ফেরীঘাট, কুমিল্লা।
১৮। সভাপতি, চাঁদপুর পণ্য পরিবহন ও বালুবাহী বোট মালিক সমিতি, হাজীগঞ্জ, চাঁদপুর।
১৯। সভাপতি, বাংলাদেশ রিভার ট্রান্সপোর্ট ওনার্স এসোসিয়েশন, ১৯৩/এ, ফকিরাপুল, জীবন ভবন (২য় তলা), ঢাকা।
২০। সভাপতি, বাংলাদেশ কার্গো ট্রলার বাল্কহেড শ্রমিক ইউনিয়ন, পাগলা বাজার, ফতুল্লা, নারায়নগঞ্জ।

আপনাদের সমিতিভুক্ত সকল নৌযানের মালিক ও মাস্টারদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।